তারিখঃ ২৯/০৪/২০২৫

অধ্যক্ষ,
ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল নার্সিং কলেজ

বিষয় ঃ- মাস্টার অব সায়েন্স ইন নার্সিং ১ম, ২য় ও ৩য় সেমিস্টার পরীক্ষা জুন-২০২৫ এর ফরমপূরণ ও ফিস জমা দেওয়া প্রসংগে।

জনাব,

মাস্টার অব সায়েন্স ইন নার্সিং ১ম, ২য় ও ৩য় সেমিস্টার পরীক্ষা জুন-২০২৫ পরীক্ষায় অংশগ্রহণ করিতে ইচ্ছুক আপনার কলেজের পরীক্ষার্থীদের ফরমপূরণ ও ফিস্ আগামী ২৫/০৫/২০২৫ তারিখের মধ্যে অনলাইনে সম্পন্ন করিয়া ফরমসমূহ স্ব-স্ব-কলেজ অফিসে সংরক্ষণ ও ফিস্ অত্র অফিসে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হইল। **"www.cmc.du.ac.bd"** এই লিংকে প্রবেশ করিয়া ফরমপূরণের সকল কার্যক্রম শিক্ষার্থী নিজেই সম্পন্ন করিতে পারিবে।

উল্লেখ্য যে, ২৫/০৫/২০২৫ তারিখের পর সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হইয়া যাইবে তাই আর কোন পরীক্ষার্থীর ফরমপূরণ ও ফিস্ জমা নেওয়া সম্ভব হইবে না।

## পরীক্ষার ফিস্ ও অন্যান্য ফিসের হার

(ক) এম.এসসি ইন নার্সিং পরীক্ষার ফিস-------------------------৯,০০০/০০ টাকা।
(খ) এম.এসসি ইন নার্সিং পরীক্ষার ফিস প্রতি বিষয় (সাপ্লি)---------১,৮০০/০০ টাকা।
(খ) প্রতি পরীক্ষার্থীর নম্বরপত্র ফিস্-----------------------------৪৫০/০০ টাকা।
(গ) প্রতি পরীক্ষার্থীর রিটেনশন ফিস্-----------------------------৭৫০/০০ টাকা।
(ঘ) প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফিস্--------------------------------৩০০০/০০ টাকা।

নিম্নোক্ত নিয়মাবলী অনুসারে ফরম ও ফিস্ দাখিল করিতে হইবে ঃ

১। দেয় ফিসের টাকা **"Fees from the Constituent College"** এই শিরোনামে পে-অর্ডার/ডিডি তৈয়ার করিয়া জমা দিতে হইবে। পে-অর্ডার/ডিডি অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হইতে হইবে।

২। যে সকল পরীক্ষার্থী দ্বিতীয় বারে কোন পরীক্ষায় অংশগ্রহণ করিবে সেই সকল পরীক্ষার্থীকে "**Irregular**" পরীক্ষার্থী হিসেবে গণ্য করিতে হইবে এবং রিটেনশন ফিস্ পরিশোধ করিতে হইবে।

৩। যে সকল পরীক্ষার্থী প্রথম বারে কোন পরীক্ষায় অংশগ্রহণ করিবে সেই সকল পরীক্ষার্থীকে "**Regular**" পরীক্ষার্থী হিসেবে গণ্য করিতে হইবে এবং রিটেনশন ফিস্ পরিশোধ করিতে হইবে না।

৪। পরীক্ষার্থী অনলাইনে ফরমপূরণের পর পূরণকৃত ফরম ডাউনলোড করিতে হইবে। ডাউনলোডকৃত ফরমে পরীক্ষার্থী স্বাক্ষর করিয়া কলেজে জামা দিতে হইবে।

৫। প্রত্যেক বিষয়ের ক্লাশে ছাত্র/ছাত্রীদের কমপক্ষে ৭৫% হাজিরা থাকিতে হইবে। পরীক্ষার্থীরা অনলাইন ফরমপূরণ সম্পন্ন করার পর পরীক্ষার্থীর নাম, তাহাদের পূর্ববর্তী পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটের সঙ্গে যাচাই করিতে হইবে এবং অনলাইনে পরীক্ষার্থীর "**No. of lectures**", "**No. of demonstartions**", "**Practical & Clinical Classes**", "**Tutorials**", "**Remarks**" ঘরসমূহ পূরণ করিয়া কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীকে "**Verify**" করিবেন।

৬। কলেজ কর্তৃক "**Verify**" কৃত পরীক্ষার্থী চূড়ান্ত পরীক্ষার্থী হিসেবে গণ্য হইবে। শুধু তাহারাই "**Admit Card**" ডাউনলোড করিতে পারিবে। ডাউনলোডকৃত "**Admit Card**" কলেজের অধ্যক্ষ মহোদয় সত্যায়িত করিয়া পরীক্ষার্থীদের নিকট হস্তান্তর করিবেন।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৭। ফরমে উল্লেখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে/বিষয়সমূহে পরীক্ষায় অংশ গ্রহণ করিলে প্রদত্ত পরীক্ষা বাতিল বলিয়া গণ্য হইবে।

৮। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ব্যতীত কোন পরীক্ষার্থীর ফরম ও ফিস জমা দেওয়া যাইবে না।

৯। কলেজের অধিভুক্তি নবায়নের ফটোকপি সত্যায়িত করিয়া জমা দিতে হইবে।

১০। ফিস্ দাখিলের ক্ষেত্রে ডাকযোগে না পাঠাইয়া কলেজের লোক মারফত অত্র অফিসে দাখিল করিতে হইবে। এই জন্য কোন টি.এ./ডি.এ. দেওয়া হইবে না।

১১। ফরওয়ারডিং লেটার এর মাধ্যমে ডিডি/পে-অর্ডার জমা দিতে হইবে এবং ফিসের হিসাবের বিস্তারিত বিবরণ উল্লেখ করিতে হইবে।

১২। **সোনালী, জনতা, অগ্রণী ও ডাচ্ বাংলা ব্যাংক ছাড়া অন্য কোন ব্যাংকের ডিডি/পে-অর্ডার জমা দেওয়া যাইবে না।**

১৩। **প্রশাসনিক কাজের সুবিধার্থে সকল পরীক্ষার্থীর ফিস্ একবারে প্রেরণ করিতে হইবে। ফিস্ বার বার প্রেরণ করা যাইবে না।**

১৪। **ফরওয়ারডিং লেটার এর মাধ্যমে প্রত্যেক পরীক্ষার্থীর এন্ট্রি ফরম বাবদ জনপ্রতি ১০০/- (একশত) টাকা করে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার "Controller of Examinations (33011288)" শিরোনামে অত্র অফিসে জমাদানের জন্য অনুরোধ করা যাইতেছে। নগদ/চেক কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হইবে না। Student Verify ছাড়া ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা নেয়া হইবে না।**

প্রশাসনিক ভবন,
ঢাকা বিশ্ববিদ্যালয়।

আপনার বিশস্ত
স্বাক্ষর/-
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়।

মেমো নং- ৩৩৬২/মে. সে./প./৩৩৫

তারিখঃ ২৯/০৪/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।

১। মাননীয় ডিন, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

ড. হিমাদ্রি শেখর চক্রবর্তী
পরীক্ষা নিয়ন্ত্রক(ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়।